গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩১ / ০৪ মার্চ ২০২৫

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৪৯.৩৭.০১৬.২৪- ১৭৬

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দেশের ৪৮টি জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি" শীর্ষক প্রকল্পের আওতায় ২য় ব্যাচে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণে ভর্তি বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকায় ১ (এক) দিনের জন্য প্রকাশ।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দেশের ৪৮ জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি প্রকল্প"শীর্ষক প্রকল্পের আওতায় নিয়োজিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান e-Learning & Earning Ltd. 7 South Kollayanpur, Mirpur Road, Dhaka-1207 এর মাধ্যমে ২য় ব্যাচে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী ভর্তির ভর্তি বিজ্ঞপ্তিটি (সংযুক্ত) আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় ০৫.০৩.২০২৫খ্রি. তারিখে ১ (এক) দিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, উক্ত বিজ্ঞপ্তিটি প্রকাশ করত: ০২টি সৌজন্য কপিসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিজ্ঞপ্তি ০১ (এক) কপি।

০৪/০৩/২০২৫
(মোঃ আঃ হামিদ খান)
প্রকল্প পরিচালক
দেশের ৪৮ জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং
প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শীর্ষক প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
ফোন: +৮৮০২২২৩৩৮৯৭১০
ই-মেইল: pd48dyd@gmail.com

১। ভারপ্রাপ্ত সম্পাদক
বাংলাদেশ প্রতিদিন
প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, খিলক্ষেত, ঢাকা।

২। সম্পাদক
The Daily Star
৬৪-৬৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।

বিতরণ, সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক............................................ (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। জেলা প্রশাসক........................................ (সকল), জেলা।
০৩। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৫। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর........................................ (সকল), জেলা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ই-লার্নিং অ্যান্ড আর্নিং লিমিটেড, খাজা আইটি পার্ক, ৭ দক্ষিণ কল্যাণপুর, মিরপুর রোড, ঢাকা-১২০৭।
০৭। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৮। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৯। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

নম্বর-৩৪.০১.০০০০.০৪৯.৩৭.০১৬.২৪- ১৭৪

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩১ / ০৪ মার্চ ২০২৫

# ফ্রিল্যান্সিং প্রশিক্ষণে ভর্তি বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দেশের ৪৮ জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি" শীর্ষক প্রকল্পের আওতায় নিয়োজিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান e-Learning & Earning Ltd. 7 South Kollayanpur, Mirpur Road, Dhaka-1207 এর মাধ্যমে পরিচালিত আগামী ১ এপ্রিল ২০২৫ হতে ৩০ জুন ২০২৫ পর্যন্ত ২য় ব্যাচে ৩ মাস মেয়াদী (৬০০ ঘন্টা ব্যাপী) ফ্রিল্যান্সিং প্রশিক্ষণে ভর্তির জন্য নির্ধারিত ৪৮টি জেলার ১৮ হতে ৩৫ বছর বয়সী কমপক্ষে এইচ এস সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবক ও যুব নারীর নিকট থেকে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**জেলা সমূহঃ**
**ঢাকা বিভাগঃ** নারায়ণগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর, **ময়মনসিংহ বিভাগঃ** ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা **চট্টগ্রাম বিভাগঃ** চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, নোয়াখালী, ফেনী, ব্রাহ্মণবাড়ীয়া **রাজশাহী বিভাগঃ** চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, নাটোর, বগুড়া, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ **খুলনা বিভাগঃ** খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, মাগুরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, কুষ্টিয়া, **রংপুর বিভাগঃ** রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা, নীলফামারী, দিনাজপুর, পঞ্চগড় **বরিশাল বিভাগঃ** বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী, বরগুনা **সিলেট বিভাগঃ** হবিগঞ্জ ও মৌলভীবাজার।

০২। অনলাইনে আবেদনের লিংক: https://e-laeltd.com/48-student-reg-jubo
অনলাইনে দরখাস্ত আগামী ২০-০৩-২০২৫খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত দাখিল করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনো প্রকার আবেদন গ্রহণযোগ্য নয় এবং আবেদনের লিঙ্ক স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

০৩। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য কোন প্রকার ফি'র প্রয়োজন হবে না। অধিকন্তু প্রশিক্ষণার্থীরা দৈনিক ২০০/- টাকা হারে যাতায়াত ভাতা, সকালের নাস্তা, দুপুরের খাবার ও বিকালের নাস্তা পাবেন এবং প্রশিক্ষণ শেষে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের সনদপত্র প্রদান করা হবে।

০৪। বৈধ আবেদনকারীদের লিখিত পরীক্ষা আগামী ২৩-০৩-২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার স্থান ও সময়সূচী এসএমএস এর মাধ্যমে জানানো হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২৫-০৩-২০২৫খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা আগামী ২৭-০৩-২০২৫ খ্রি. তারিখে প্রকাশ করা হবে।

০৫। যুব উন্নয়ন অধিদপ্তরের স্ব-স্ব জেলার উপপরিচালকের সভাপতিত্বে গঠিত প্রশিক্ষণার্থী ভর্তি সংক্রান্ত কমিটি কর্তৃক প্রশিক্ষণার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রশিক্ষণার্থী ভর্তির ব্যবস্থা করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রশিক্ষণার্থীকে ভর্তির ক্ষেত্রে নির্ধারিত ফরমে 'শৃঙ্খলা ও কর্তৃপক্ষের কর্তৃত্ব মেনে প্রশিক্ষণ গ্রহণের অঙ্গীকারনামা' জমা দিতে হবে।

০৬। কর্তৃপক্ষ এ ভর্তি বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন বা পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪.০৩.২০২৫

(মোঃ আঃ হামিদ খান)
প্রকল্প পরিচালক
দেশের ৪৮ জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং
প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা